

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫

১/ বিবিধ

আরবী

إذا سمعتم بجبل زال عن مكانه فصدقوا، وإذا سمعتم برجل تغير عن خلقه فلا تصدقوا به، وإنه يصير إلى ما جبل عليه ضعيف

أخرجه أحمد (6 / 443) من طريق الزهري أن أبا الدرداء قال: بينما نحن عند رسول الله صلى الله عليه وسلم، الله صلى الله عليه وسلم، الحديث

وهذا إسناد منقطع

وبه أعله الهيثمي في " مجمع الزوائد " (7 / 696) وتبعه المناوي في " شرح الجامع الصغير " فقال: قال الهيثمي: رجاله رجال الصحيح إلا أن الزهري لم يدرك أبا الدرداء، وقال السخاوي: حديث منقطع، وبه يعرف ما في رمز المؤلف لصحته قلت: وكأن الشيخ العجلوني اغتر بالرمز المشار إليه فإنه قال في " الكشف " (1 / 87) ، رواه أحمد بسند صحيح "! ومن عجيب أمره أنه ذكره في موضع آخر (1 / 82) برواية أحمد وسكت عليه فلم يصححه، ثم أورده في مكان ثالث (1 / 259) ونقل عن " المقاصد " أنه منقطع! ، وهذا من الأدلة الكثيرة على أن العجلوني مقلد ناقل، وهذا الحديث يستشم منه رائحة الجبر وأن المسلم لا يملك تحسين خلقه لأنه لا يملك تغييره! ، وحينئذ فما معنى الأحاديث الثابتة في الحض على تحسين الخلق كقوله صلى الله عليه وسلم: " أنا زعيم ببيت في أعلى الجنة لمن حسن خلقه " رواه أبو داود (2 /



288) وغيره في حديث

وسنده صحيح، فهذا يدل على أن حديث الباب منكر، والله أعلم

বাংলা

১৩৫। যখন তোমরা কোন পাহাড় সম্পর্কে শুনবে যে, পাহাড়িট স্থানচ্যুত হয়েছে, তখন তোমরা তা বিশ্বাস করবে, আর যখন শুনবে কোন ব্যাক্তির চরিত্র পরিবর্তন হয়ে গেছে, তখন তোমরা তা বিশ্বাস করবে না। কারন সে চলবে সেই ছাঁচে যার উপর তাকে তৈরি করা হয়েছে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম আহমাদ (৬/৪৪৩) যুহরীর সূত্রে আবুদ-দারদা (রাঃ) হতে বর্ণনা করেছেন। এ সনদটি মুনকাতি (বিচ্ছিন্ন)।

হায়সামী "মাজমাউয যাওয়াইদ" গ্রন্থে (৭/৬৯৬) এ কারণই দর্শিয়েছেন। মানবী "শারহুল জামেইস সাগীর" গ্রন্থে তার অনুসরণ করে বলেনঃ হায়সামী বলেছেনঃ সনদের বর্ণনাকারীগণ সহীহার বর্ণনাকারী। কিন্তু যুহরী আবুদ-দারদা (রাঃ)-কে পায়নি। সাখাবীও বলেছেনঃ হাদীসটি মুনকাতি ।

আজলুনী "আল-কাশফ" গ্রন্থে (১/৮৭) বলেছেনঃ এটিকে সহীহ্ সনদে ইমাম আহমাদ উল্লেখ করেছেন। কিন্তু অদ্ভুত ব্যাপার এই যে, তিনি অন্যত্র (১/৮২) উল্লেখ করে কোন হুকুম লাগাননি। অতঃপর তৃতীয় স্থানে (১/২৫৯) উল্লেখ করে "আল মাকাসিদ" গ্রন্থ হতে নকল করে বলেছেনঃ এটি মুনকাতি'। এ ঘটনা প্রমাণ করছে যে, আজলুনী একজন মুকাল্লিদ, নকল করে বর্ণনাকারী।

এ হাদীসটির মধ্যে জাবরিয়াদের আকীদার গন্ধ পাওয়া যায়। কারণ তাদের নিকট মুসলিম ব্যক্তি তার চরিত্র ভাল করার অধিকারী নয়। কেননা সে তার পরিবর্তন করতে সক্ষম নয়। অথচ চরিত্র ভাল করার জন্য হাদীসে তাগাদা এসেছে। যেমন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ أنا زعيم ببيت في أعلى الجنة لمن حسن خلقه 'আমি সেই ব্যক্তির জন্য একটি ঘরের জিম্মাদার যে, তার চরিত্রকে সুন্দর করেছে।' আবু দাউদ (২/২৮৮) ও অন্যান্য মুহাদ্দিসগণ হাদীসটি বর্ণনা করেছেন। এটির সন্দ সহীহ । এ হাদীসটি প্রমাণ করছে যে, আলোচ্য হাদীসটি মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন